29

দৈনিক ইত্তেফাক

তারিখ 3-8 APR 1988
পৃষ্ঠা 3 কলাম 6

তথ্য ও ... ডকুমেন্টেশন কেন্দ্র

## ৭০ ভাগ শিশুকে স্কুলে আনার ব্যবস্থা করা হইয়াছে

—শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম বলিয়াছেন, তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনাকালে শতকরা ৭০ ভাগ শিশুকে স্কুলে নিয়া আসার ব্যবস্থা করা হইয়াছে। এই লক্ষ্যমাত্রা অবশ্যই অর্জিত হইবে বলিয়া তিনি আশাবাদ ব্যক্ত করেন। তিনি

(৪র্থ পৃঃ দ্রঃ)

### ৭০ ভাগ শিশুকে

(৩য় পৃঃ পর)

গত বৃহস্পতিবার পরিকল্পনা ও উন্নয়ন একাডেমী মিলনায়তনে বাংলাদেশ সাক্ষরতা সমিতি আয়োজিত "সবার জন্য শিক্ষার লক্ষ্যে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা ও গণশিক্ষা এবং শিক্ষিত বেকারদের কর্মসংস্থান" শীর্ষক জাতীয় সেমিনারে প্রধান অতিথির ভাষণে এ কথা বলেন।

সমিতির সাংগঠনিক কমিটির চেয়ারম্যান অধ্যাপক ওসমান গনির সভাপতিত্বে অনুষ্ঠিত এ সেমিনারে আরও বক্তৃতা করেন সংস্থাপন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মোহাম্মদ আলী, জাতীয় সম্প্রচার কর্তৃপক্ষের চেয়ারম্যান সাইফুল বারী এবং গণশিক্ষা প্রকল্পের নির্বাহী পরিচালক এস এম সাইফউদ্দিন।

মন্ত্রী গতকাল সকালে মিরপুরে বাংলাদেশ শিক্ষা উপকরণ বোর্ড অফিস পরিদর্শন করেন। পরে তিনি সরকারী বাণিজ্য কলেজের ছাত্র সংসদের অভিষেক ও নবীন বরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে ভাষণ দেন। মন্ত্রী একই দিন দুপুরে ঢাকা শিক্ষা বোর্ড কর্মকর্তা ও কর্মচারী সংসদের নবনির্বাচিত কর্মকর্তাদের অভিষেক অনুষ্ঠানে ভাষণ দানকালে বলেন, দেশব্যাপী পরীক্ষায় নকল প্রবণতারোধে যে ব্যাপক গণসচেতনতা সৃষ্টি হইয়াছে তাহা ধরিয়া রাখিতে হইবে এবং সরকারের এ আন্দোলনকে অব্যাহত রাখিতে বোর্ডের কর্মকর্তা ও কর্মচারীদের অগ্রণী ভূমিকা পালন করিতে হইবে। —তথ্য বিবরণী।